

# এসিইউ ভিসি সামিট অংশ নিলেন নর্থ সাউথ বিশ্ববিদ্যালয়ের উপাচার্য



নর্থ সাউথ ইউনিভার্সিটির ভাইস চ্যান্সেলর প্রফেসর আতিকুল ইসলাম কমনওয়েলথ ইউনিভার্সিটিজ (এসিইউ) এর ভাইস চ্যান্সেলর সামিটে অংশ নেন। যুক্তরাজ্যের রাজধানী লন্ডনে গত ১৫ মে অনুষ্ঠিত এ সম্মেলনে অংশ নেন তিনি। সামিটে সারা বিশ্বের শিক্ষাজ্ঞের বিশিষ্ট ব্যক্তির একত্রিত হন। বিজ্ঞপ্তি

সম্মেলনে, প্রফেসর আতিকুল ইসলাম উদ্ভাবনী শিক্ষাবিদ্যা, গবেষণা

সহযোগিতা এবং উচ্চশিক্ষার অধিকার এবং সমতার চ্যালেঞ্জ মোকাবিলার মতো গুরুত্বপূর্ণ বিষয়গুলোর ওপর আলোকপাত করেন।

শিক্ষামন্ত্রী, চ্যান্সেলর, ভাইস চ্যান্সেলর এবং জাতিসংঘের প্রতিনিধিসহ উচ্চপর্যায়ের প্রতিনিধি দল এই অনুষ্ঠানে যোগ দেন। এছাড়া শান্তিতে নোবেল পুরস্কার বিজয়ী কৈলাশ সত্যার্থী অতিথিদের উদ্দেশে বক্তব্য রাখেন।



যুক্তরাজ্যের রাজধানী লন্ডনে অনুষ্ঠিত এসিইউ ভাইস-চ্যান্সেলর সম্মেলনে অংশ নেয়া নর্থ সাউথ বিশ্ববিদ্যালয়ের উপাচার্য ও অন্য অতিথিরা। বিজ্ঞপ্তি